রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ৩১, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**চেয়ারম্যানের কার্যালয়**

**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/৩০ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

নং **নিমবো/নিমনি/বিড়ি/২০১৫/২৩৯**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক "বিড়ি" শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রমিক শ্রেণীর জন্য নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশ, ২০১৬ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফরত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত "বিড়ি" শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রমিক শ্রেণীর নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোন আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে উক্ত আপত্তি বা সুপারিশ লিখিতভাবে বাংলাদেশ গেজেটে প্রকাশিত এই বিজ্ঞপ্তির তারিখ হইতে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমা অতিক্রান্ত হইবার পর বোর্ড প্রাপ্ত আপত্তি বা সুপারিশ বিবেচনাক্রমে সরকারের নিকট সুপারিশ উপস্থাপন করিবেন।

**মোঃ আলী হায়দার**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


**মূল্য** ঃ টাকা ৮.০০

**"বিড়ি" শিল্প**

**খসড়া সুপারিশ-২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ কর্তৃক পত্র সংখ্যা ৪০.০০.০০০০.৩২.০৩২.২০০৯/১২০ তারিখঃ ১৮ নভেম্বর ২০১৫খ্রিঃ মূলে "বিড়ি" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণীর শ্রমিকের নিম্নতম মজুরী হার সুপারিশ করার জন্য নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেয়া হয় এবং উক্ত শিল্প সেক্টরে প্রতিনিধিত্ব করার জন্য এস. আর. ও. ৩১৩- আইন/২০১৫ তারিখঃ ১৩ কার্তিক ১৪২২বঙ্গাব্দ/ ২৮ অক্টোবর ২০১৫খ্রিষ্টাব্দ রবিবার, নভেম্বর ১, ২০১৫ খ্রিঃ তারিখ এর প্রজ্ঞাপন দ্বারা "বিড়ি" শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও উক্ত শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড "বিড়ি" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণীর শ্রমিকের নিম্নতম মজুরী হার সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে রংপুরে অবস্থিত আজিজ বিড়ি, আনছার বিড়ি, মায়া বিড়ি, শহীদ বিড়ি, মতি বিড়ি, গফুর বিড়ি ও আকিজ বিড়ি শিল্প সরেজমিনে তদন্ত করতঃ তথ্য-উপাত্ত সংগ্রহ করেন এবং একাধিক বৈঠকে মিলিত হন। এতদব্যতীত বোর্ড "বিড়ি" শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণীর শ্রমিকের নিম্নতম মজুরীর হার সুপারিশের নিমিত্ত শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরণ, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করিয়া বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত খসড়া সুপারিশ পেশ করিতেছেনঃ

১। বাংলাদেশে অবস্থিত "বিড়ি" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণীর শ্রমিকের বিভিন্ন পদবী, কাজের ধরণ ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে শ্রমিকদের জন্য০৮(আট)টি পদ সন্নিবেশন ও কর্মচারীদের জন্য যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২ ও গ্রেড-৩ এই ০৩(তিন) শ্রেণীতে বিভক্ত করিয়া পদবিন্যাস ও শ্রেণী বিভাগ করা হয় যাহা এতদসঙ্গে সংযোজিত তফসিল টেবিল-১ ও টেবিল-২ তে বলা হইয়াছে। যদি কখনও এই সুপারিশে উল্লেখিত পদের অতিরিক্ত কোন পদ সংশ্লিষ্ট শিল্পে সংযোজিত হয়, তবে উহা যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

২। দেশের বিভিন্ন স্থানে অবস্থিত বিড়ি কারখানায় সাধারণ বিড়ি তৈয়ারীর প্রত্যেক শ্রমিক লেবেল প্যাকিংসহ ১,০০০ (এক হাজার) বিড়ি তৈয়ারীর জন্য ন্যূনতম ৩১.৫০ (একত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং ফিল্টারযুক্ত বা ঐ জাতীয় বিড়ি তৈয়ারীর প্রত্যেক শ্রমিক লেবেল প্যাকিংসহ ১,০০০ (এক হাজার) বিড়ি তৈয়ারীর জন্য ন্যূনতম ৬৩.০০ (তেষট্টি) টাকা নির্ধারণ করা হয় যাহা সংযোজিত তফসিল টেবিল-১ ও টেবিল-২ পরিচ্ছেদে বলা হইয়াছে।

৩। "বিড়ি" শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণীর শ্রমিকের ফূরণভিত্তিক (Piece Rate) এবং কর্মচারীদের মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী ও সুবিধাদি নির্ধারণ করা হয় সংযোজিত তফসিল টেবিল-১ ও টেবিল-২ পরিচ্ছেদে বলা হইয়াছে।

৪। তফসিল টেবিল-১ ও টেবিল-২ তে উল্লেখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "বিড়ি" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

৫। এই সুপারিশ ঘোষণার পর হইতে "বিড়ি" শিল্প সেক্টরের মালিকগণ তফসিল টেবিল-১ ও টেবিল-২ তে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীদেরকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

৬। তফসিল টেবিল-১ ও টেবিল-২ তে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী ঘোষিত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা কর্মচারীদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। "বিড়ি" শিল্প সেক্টরে যদি কোন শ্রমিক কন্ট্রাক্টর/ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত ইইয়া থাকেন তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারা অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টর/ ঠিকাদার মালিকের ন্যায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ মোতাবেক একই ব্যবস্থা গ্রহণ করিবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের কন্ট্রাক্টর/ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। কন্ট্রাক্টর/ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিকদের জন্য ঘোষিত মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৮। "বিড়ি" শিল্প সেক্টরের তফসিল টেবিল-১ ও টেবিল-২ তে উল্লেখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যেই গ্রেডে আছেন সে গ্রেডেই স্থলাভিষিক্ত করিয়া তাহাদের স্ব স্ব মজুরী সুপারিশকৃত মজুরী অনুযায়ী নির্ধারিত হইবে। কোন শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৯। তফসিল টেবিল-১ ও টেবিল-২ তে উল্লেখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যেসব সুযোগ-সুবিধা/ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ থাকিবে।

১০। এই সুপারিশের কোন অংশ প্রচলিত আইনের সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

১১। কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

**(মোঃ আলী হায়দার)**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

(অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন)
নিরপেক্ষ সদস্য

(কাজী সাইফুদ্দীন আহমদ)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

(ফজলুল হক মন্টু)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

(ডাঃ শেখ মহিউদ্দিন )
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

(মাহমুদ খাঁন বাঙ্গালী (এম. কে. বাঙ্গালী)
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

## তফসিল

### টেবিল-১

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মজুরী | |
|---|---|---|---|
| | | লেবেল প্যাকিংসহ সাধারণ বিড়ি তৈয়ারীর জন্য | লেবেল প্যাকিংসহ ফিল্টারযুক্ত বিড়ি তৈয়ারীর জন্য |
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ১। বিড়ি তৈয়ারি শ্রমিক<br>২। ঠোঙ্গা তৈয়ারির শ্রমিক<br>৩। তামাক ভাঙ্গাই শ্রমিক (হাতে)<br>৪। তামাক ভাঙ্গাই শ্রমিক (মেশিনে)<br>৫। তামাক চিরাই শ্রমিক (হাতে)<br>৬। ডাটা চালানী শ্রমিক (হাতে)<br>৭। মিকচার শ্রমিক (বিড়ির জন্য)<br>৮। চালানী প্যাকিং শ্রমিক | প্রতি হাজারে ৩১.৫০ (একত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা | প্রতি হাজারে ৬৩.০০ (তেষট্টি ) টাকা |

### টেবিল-২

| ক্রমিক নং | কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | মোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১। | গ্রেড-১ :<br>১। স্টোর কিপার<br>২। হিসাব সহকারী | ৪১৬০/- | ২০৮০/- | ৩৮০/- | ৬৬২০/- |
| ২। | গ্রেড-২ :<br>১। স্টোর সহকারী<br>২। ক্যাশিয়ার<br>৩। সেলসম্যান<br>৪। চেকার<br>৫। টাইপিস্ট<br>৬।টেলিফোন অপারেটর<br>৭। সীট লেখক<br>৮। কাগজ বিতরণী<br>৯। ড্রাইভার | ৩৩০০/- | ১৬৫০/- | ৩৮০/- | ৫৩৩০/- |
| ৩। | গ্রেড-৩ :<br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। মালি<br>৪। সুইপার<br>৫। তামাক মাপক<br>৬। পেপার কাটার<br>৭। প্রচারক | ২৬৫০/- | ১৩২৫/- | ৩৮০/- | ৪৩৫৫/- |
| ৪। | ● শিক্ষানবিস ঃ | শিক্ষানবিসীকালীন একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৩২০০/- (তিন হাজার দুইশত) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিসীকাল হইবে ০৬ (ছয়) মাস। শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | |

● অন্যান্য সুবিধাদি ঃ
বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এ বর্ণিত সংশ্লিষ্ট ধারা অনুযায়ী প্রাপ্য হইবেন।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd